

# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ১৪৮৭

১৬/ গ্রহন [চন্দ্র সূর্য] (کتاب الکسوف) পরিচ্ছেদঃ ১৫/ অন্য আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ

### আরবী

أَخْبَرنَا هِلاَلُ بْنُ الْعَلاَءِ بْنِ هِلاَل، قَالَ حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ عَيَّاش، قَالَ حَدَّثَنَا الْأَسْوَدُ بْنُ قَيْسٍ، قَالَ حَدَّثَنِي تَعْلَبَةُ بْنُ عِبَادِ الْعَبْدِيُّ، مِنْ أَهْلِ الْبَصْرَةِ أَنَّهُ شَهِدَ خَطْبَةِ يَوْمًا لِسَمُرَةَ بْنِ جُنْدُبِ بَيْنَا أَنَا يَوْمًا وَغُلاَمٌ مِنَ الْأَنْصَارِ نَرْمِي غَرَضَيْنِ لَنَا عَلَى وسلم قَالَ سَمُرَةُ بْنُ جُنْدُبِ بَيْنَا أَنَا يَوْمًا وَغُلاَمٌ مِنَ الْأَنْصَارِ نَرْمِي غَرَضَيْنِ لَنَا عَلَى عَهْدِ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم قَالَ سَمُرَةُ بْنُ جُنْدُبِ بَيْنَا أَنَا يَوْمًا وَغُلاَمٌ مِنَ الْأَنْصَارِ نَرْمِي غَرَضَيْنِ لَنَا عَلَى عَهْدِ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا كَانَتِ الشَّمْسُ قِيدَ رُمُحَيْنِ أَوْ ثَلاَثَةٍ فِي عَيْنِ النَّاظِرِ مِنَ الْأُفُقِ اسْوَدَّتْ فَقَالَ أَحَدُنَا لِصَاحِبِهِ انْطَلِقْ بِنَا إِلَى الْمَسْجِدِ فَوَاللّهِ عَيْنِ النَّاظِرِ مِنَ الْأُفُقِ اسْوَدَّتْ فَقَالَ أَحَدُنَا لِصَاحِبِهِ انْطَلِقْ بِنَا إِلَى الْمَسْجِدِ فَوَاللّهِ عَيْنِ النَّاطِولِ قِيَامٍ قَامَ بِنَا فِي صَلَاةٍ قَطُّ مَا نَسْمَعُ لَهُ لَلَهُ عَيْنَ النَّاسِ \_ قَالَ \_ فَاسْتَقْدَمَ فَصَلَّى فَقَامَ كَأَطُولِ قِيَامٍ قَامَ بِنَا فِي صَلَاةٍ قَطُّ مَا نَسْمَعُ لَهُ صَوْتًا ثُمَّ مَكَعَ بِنَا كَأَطُولِ لِ شُجُودِ مَا سَجَدَ بِنَا فِي صَلَاةٍ قِطُّ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا ثُمَّ فَعَلَ ذَلِكَ فِي الرَّكُعَةِ النَّانِيَةِ فَسَلَم فَصَوْتًا ثُمَّ مَكُ لَهُ صَوْتًا ثُمَّ مَعْ لَهُ عَلَى ذَلِكَ فِي الرَّكُعَةِ النَّانِيَةِ فَسَلَم فَصَوْتًا ثُمَّ سَجَدَ النَّا فِي عَلَيْهِ وَسُهِدَ أَنْ لَا إِلَهُ إِلَّا اللَّهُ وَسُهِدَ أَنَّهُ عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ . مُخْتَصَرٌ .

#### বাংলা

১৪৮৭। হিলাল ইবনু আলা (রহঃ) ... আসওয়াদ ইবনু কায়স (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বসরার অধিবাসী ছা'লাবা ইবনু আব্বাদ আবদী (রহঃ) একদিন সামুরা ইবনু জুন্দুব (রাঃ)-এর খুতবায় উপস্থিত ছিলেন। তিনি তার খুতবায় রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে একটি হাদীস বর্ণনা করলেন। সামুরা (রাঃ) বললেন, আমি এবং এক আনসারী গোলাম রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে একদিন আমাদের লক্ষ্যস্থলে তীর



নিক্ষেপ করছিলাম। ইতিমধ্যে যখন সূর্য দিগন্তে দর্শনার্থীদের দৃষ্টিতে দুই কি তিন বর্শার পরিমাণ মাত্র অবশিষ্ট রয়ে গেল, তা কাল হয়ে গেল।

তখন আমাদের একজন তার সাথীকে বলল, তুমি আমাদের সাথে মসজিদে চল। আল্লাহর শপথ! নিশ্চয় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে সূর্যের এ অবস্থা তার উম্মাতের জন্য কোন নতুন ঘটনার ইঙ্গিতবহ। তিনি বলেন, তখন আমরা মসজিদে গেলাম এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখতে পেলাম যে, তিনি লোকদের নিকট বের হয়ে এসেছেন।

তিনি বলেন,রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম অগ্রসর হয়ে সালাতে দাঁড়ালেন। তিনি সালাতে এত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে রইলেন যে, ইতিপূর্বে তিনি আমাদের নিয়ে সালাতে এতক্ষণ দাঁড়িয়ে থাকেন নি। তার কোন আওয়াজ আমরা শুনতে পাচ্ছিলাম না। তারপর তিনি আমাদের সহ এত দীর্ঘ রুকু করলেন যে, ইতিপূর্বে কোন সালাতে আমাদের নিয়ে এত দীর্ঘায়িত রুকু করেননি। আমরা তার কোন আওয়াজ শুনতে পাচ্ছিলাম না। তারপর তিনি আমাদের নিয়ে এত দীর্ঘ সিজদা করলেন যে, ইতিপূর্বে কোন সালাতে এরূপ দীর্ঘ সিজদা করেননি।

তার কোন আওয়াজ আমরা শুনতে পাচ্ছিলাম না। তারপর তিনি অনুরূপভাবে দ্বিতীয় রাকআতেও করলেন। তিনি বলেন, তার দ্বিতীয় রাকআতে বসা অবস্থায় আলো বিকশিত হয়ে গেল। পরে তিনি সালাম ফিরালেন এবং আল্লাহ তায়ালার প্রশংসা ও তারীফ করলেন এবং এ কথার সাক্ষ্য দিলেন যে, আল্লাহ ভিন্ন কোন ইলাহ নেই এবং এ কথারও সাক্ষ্য দিলেন যে, তিনি আল্লাহর বান্দা এবং তার রাসুল। (সংক্ষিপ্ত)

## **English**

Tha'labah bin 'Abbad Al-'Abdi from the people of Al-Basrah narrated that: He attended a Khutbah one day that was delivered by Samurah bin Jundub. In his Khutbah he mentioned a hadith from the Messenger of Allah (ﷺ). Samurah bin Jundub said: "One day a boy from among the Ansar and I were shooting at two targets of ours, during the time of the Messenger of Allah (ﷺ), when the sun was at a height of two or three spears as it appears to one who is looking at the horizon. The sun turned black, and we said to one another, let us go to the masjid, for by Allah (SWT) this must herald some event concerning the Messenger of Allah (ﷺ) and his ummah. We went to the masjid and we saw the Messenger of Allah (ﷺ) coming out to the people. He went forward and prayed. He stood for the longest time that he had ever stood in any prayer in which he led us, but we did not hear him saying anything. Then he bowed for the longest time that he had ever bowed in any prayer in which he led us, but we did not hear him saying anything. Then he prostrated for the longest time that he had ever prostrated in any prayer in which he led us, but we did not hear him saying anything. The he did likewise in the second rak'ah. And the eclipse ended as



he was sitting at the end of the second rak'ah. The he said the salam, then he praised and glorified Allah (SWT), and bore witness that there is none worthy of worship but Allah (SWT) and he bore witness that he was the slave and Messenger of Allah." Narrated in abridged form.

## ফুটনোট

[যঈফ। ইবন মাজাহ ১২৬৪]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ ইবনু কায়েস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন